



জবাবদিহিতা ছাড়া টেকসই নিরাপত্তা সম্ভব নয়: স্পিকার



স্পিকার হাফিজ উদ্দিন। ছবি: সংগৃহীত

জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বলেছেন, কেবল ক্ষমতার প্রয়োগ দিয়ে কোনো রাষ্ট্রে দীর্ঘমেয়াদি নিরাপত্তা ও স্থিতিশীলতা নিশ্চিত করা যায় না। এজন্য প্রয়োজন জবাবদিহিতা, ন্যায্যতা এবং জনগণের আস্থা।

বুধবার (২০ মে) বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস—এর ফ্যাকাল্টি অব সিকিউরিটি অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ আয়োজিত এক আন্তর্জাতিক সম্মেলনে বক্তব্য দিতে গিয়ে তিনি এসব কথা বলেন।

স্পিকার বলেন, নিরাপত্তা রক্ষাকারী প্রতিষ্ঠানগুলোর প্রতি জনগণের আস্থা তৈরি হলে জাতীয় দায়িত্ববোধ ও রাষ্ট্রীয় সক্ষমতা আরও শক্তিশালী হয়। তিনি উল্লেখ করেন, জাতীয় নিরাপত্তা শুধু সরকার বা কোনো একটি প্রতিষ্ঠানের একক দায়িত্ব নয়; বরং নাগরিক, গবেষক, শিক্ষাবিদ ও সমাজের সম্মিলিত অংশগ্রহণের মাধ্যমেই তা সুদৃঢ় হয়।

তিনি আরও বলেন, একটি রাষ্ট্রের শক্তি শুধু অবকাঠামো বা অর্থনৈতিক উন্নয়নের ওপর নির্ভর করে না। সচেতন নাগরিক, দায়িত্বশীল নেতৃত্ব এবং জনগণের বিশ্বাসই একটি দেশের প্রকৃত ভিত্তি গড়ে তোলে।

ভবিষ্যৎ প্রজন্মকে আরও প্রতিযোগিতামূলক ও অনিশ্চিত বিশ্বে চলতে হবে উল্লেখ করে স্পিকার তরুণদের প্রস্তুত, শৃঙ্খলাবদ্ধ ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হওয়ার আহ্বান জানান।